গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী: ফেব্রুয়ারি ২০২৫**

সভাপতি: নিতাই চন্দ্র দে সরকার
প্রকল্প সমন্বয়ক, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

তারিখ: ০৪ মার্চ, ২০২৫ সময়: ১১:০০ ঘটিকা
স্থান: মাল্টি পারপাস হল, ৯ম তলা হাজিরা: পরিশিষ্ট - ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বিগত ফেব্রুয়ারি মাসের কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রমসহ বিবিধ বিষয়ে অগ্রগতি উপস্থাপনের জন্য জিআইএস স্পেশালিস্টকে অনুরোধ জানান। অতঃপর, সভাপতি কর্তৃক আলোচ্য বিষয়সমূহে সকলের মতামত আহবান করা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | প্রকল্পের অগ্রগতি | প্রকল্পের কাজের সংক্ষিপ্ত বর্ণনা, বিগত মাসে প্রকল্পের অগ্রগতি, এই কম্পোনেন্টের সম্ভাব্য আউটকাম, চলমান এবং পরবর্তী কার্যক্রম বিষয়ে আলোচনা হয়। | প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে মাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০২। | স্বেছাসেবক তালিকা চূড়ান্তকরণ | প্রভাতী প্রকল্পের আওতাধীন গাইবান্ধা, কুড়িগ্রাম ও জামালপুর জেলায় প্রতি ওয়ার্ডে এক-তৃতীয়াংশ নারী স্বেচ্ছাসেবক রেখে তালিকা হালনাগাদের কাজ সম্পন্ন হয়েছে। প্রশিক্ষণ ও প্রকল্পের অন্যান্য কার্যক্রমে এসকল নারী স্বেচ্ছাসেবকদের অংশগ্রহণ নিশ্চিতকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | প্রশিক্ষণ ও প্রকল্পের অন্যান্য কার্যক্রমে নিবন্ধিত এক-তৃতীয়াংশ নারী স্বেচ্ছাসেবকের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও রিজিওনাল কোঅর্ডিনেটর |
| ০৩। | স্বেছাসেবক প্রশিক্ষণ কার্যক্রম | ইতোমধ্যে কুড়িগ্রাম ও গাইবান্ধা জেলার মোট পাঁচটি উপজেলায় প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>এই কার্যক্রমের অধীনে সকল প্রশিক্ষণ আগামী মার্চ-এপ্রিলের মধ্যে সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। | আগামী বন্যা মৌসুমের পূর্বে অবশিষ্ট উপজেলার স্বেচ্ছাসেবক প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, জিআইএস স্পেশালিস্ট ও রিজিওনাল কোঅর্ডিনেটর |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৪। | বন্যার আগাম সতর্কতা ও ঝুঁকি ব্যবস্থাপনা ও ডিএমসি পোর্টাল বিষয়ক প্রশিক্ষণ | কুড়িগ্রামের চর রাজিবপুর উপজেলায় বন্যার আগাম সতর্কতা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা ও চর রাজিবপুর ও রৌমারি উপজেলায় ডিএমসি পোর্টাল বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | আগামী এপ্রিলের মাসের মধ্যে অবশিষ্ট প্রশিক্ষণগুলো সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, জিআইএস স্পেশালিস্ট ও আইসিটি স্পেশালিস্ট |
| ০৫। | Post-monsoon assessment | জানুয়ারি মাসে অনুষ্ঠিত Technical Advisory Committee'র সভা এবং অংশীজনদের আলোচনা সভা থেকে প্রাপ্ত সুপারিশ অনুযায়ী প্রশ্নমালা হালনাগাদ করে অনলাইন সার্ভে অ্যাপ KOBO Toolbox -এ আপলোড করার কাজ সম্পন্ন হয়েছে। পরবর্তী Technical Advisory Committee'র সভায় হালনাগাদকৃত প্রশ্নমালা উপস্থাপনের পর দ্রুততম সময়ে এই সার্ভের কাজ সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | Post Monsoon Survey আসন্ন বর্ষা মৌসুমের পূর্বে দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও জিআইএস স্পেশালিস্ট |
| ০৬। | গেজ রিডার নিয়োগ ও প্রশিক্ষণ | বিগত ১ ফেব্রুয়ারী, ২০২৫ কুড়িগ্রামের চর রাজিবপুর উপজেলায় পানি-সমতল গেজ স্থাপনের জন্য সম্ভাব্য স্থান পরিদর্শন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। প্রকল্প হতে স্থাপিত গেজসমূহ থেকে আগামী বন্যা মৌসুমে রিডিং নেওয়ার জন্য দ্রুত গেজ রিডারদের নিয়োগ ও প্রশিক্ষণ দেওয়ার জন্য বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের সাথে আলোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | আগামী বর্ষা মৌসুমের পূর্বে গেজ রিডারদের নিয়োগ কার্যক্রম, মোবাইল ফোন বিতরণ ও প্রশিক্ষণ সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, কমিউনিকেশন অফিসার ও জিআইএস স্পেশালিস্ট |
| ০৭। | উপজেলা পরিষদে KIOSK ড্যাশবোর্ড স্থাপন | প্রভাতী প্রকল্পের আওতাধীন তিনটি জেলার ১৯ (উনিশ) টি উপজেলায় KIOSK ড্যাশবোর্ড হস্তান্তরের কাজ সম্পন্ন হয়েছে এবং ড্যাশবোর্ড স্থাপনের কাজ চলমান রয়েছে। | ক) মার্চ মাসের মধ্যে KIOSK ড্যাশবোর্ড স্থাপন কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>খ) যে সকল উপজেলা পরিষদে KIOSK ড্যাশবোর্ড পুরাতন ভবন থেকে নতুন ভবনে স্থানান্তরের পরিকল্পনা রয়েছে সেগুলো পরবর্তীতে নতুন ভবনে পুনঃস্থাপন করতে হবে। | আইসিটি স্পেশালিস্ট ও রিজিওনাল কোঅর্ডিনেটর |
| ০৮। | টপোগ্রাফি সার্ভে, স্থল ও পানি সমতল গেজ স্থাপন | টপোগ্রাফি সার্ভে, স্থল ও পানি সমতল গেজ স্থাপন এবং ভয়েস মেসেজ পোর্টাল তৈরির কাজ চূড়ান্তকরণের | ক) মার্চ মাসের মধ্যে এ বিষয়গুলোতে Technical Advisory | টিম লিডার, প্রোগ্রাম ম্যানেজার, |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | এবং ভয়েস মেসেজ পোর্টাল তৈরির কাজ চূড়ান্তকরণ | লক্ষ্যে Technical Advisory Committee'র একটি সভা ও সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে একটি আলোচনা সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | Committee'র সভা ও সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে একটি আলোচনা সভা আয়োজন করতে হবে। | কমিউনিকেশন অফিসার ও জিআইএস স্পেশালিস্ট |

০৩। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(নিতাই চন্দ্র দে সরকার)**
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪. ৪৮

তারিখ: ১০-০৩-২০২৫ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।
০২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
০৩। উপ-প্রকল্প সমন্বয়ক (GIS ও RM), প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
০৪। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।
০৫। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৬। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৭। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৮। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৯। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১০। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১১। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১২। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৩। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট (প্রকল্প সমন্বয়ক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫। অফিস কপি/ গার্ড ফাইল।

**(মোঃ হাফিজুর রহমান)**
উপ-প্রকল্প সমন্বয়ক (জিআইএস/আরএম)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট